

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস
প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১৭ মার্চ ২০১৭

বাংলাদেশ দূতাবাস, এথেন্সে বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৭ উদযাপিত

বাংলাদেশ দূতাবাস, এথেন্স যথাযথ মর্যাদা ও ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮-তম জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৭ পালন করেছে। জাতির পিতার জন্মদিবস এবং জাতীয় শিশু দিবস-২০১৭ উপলক্ষে এবছর দূতাবাসে সপ্তাহব্যাপী কর্মসূচী গ্রহণ করা হয়। এই কর্মসূচীর অংশ হিসেবে ১১ মার্চ ২০১৭ 'বঙ্গবন্ধু টেবিল টেনিস টুর্নামেন্ট' আয়োজন করা হয়। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোঃ জসীম উদ্দিন কর্মসূচীর উদ্বোধন করেন। দুই দিন ব্যাপী অনুষ্ঠিত এই টুর্নামেন্টে গ্রীসে বসবাসকারী বাংলাদেশি শিশু-কিশোররা অংশগ্রহণ করে। এর পাশাপাশি ১১ মার্চ ২০১৭ শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই আয়োজনে অত্যন্ত আনন্দমুখর পরিবেশে বিপুল সংখ্যক শিশু-কিশোর অংশগ্রহণ করে। এ উপলক্ষে দূতাবাস চত্বর বর্ণাঢ্য ব্যানার, ফেস্টুন, বেলুন দিয়ে সজ্জিত করা হয়। বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর বিশেষ আলোকচিত্রও দূতাবাস চত্বরে প্রদর্শন করা হয়।

১৭ মার্চ জাতির পিতার জন্মদিনের কর্মসূচির প্রথমেই গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জসীম উদ্দিন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণের সময় বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ব্যবসায়ী সংগঠন এবং বিভিন্ন জেলা ও আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশিরা উপস্থিত ছিলেন। পুষ্পস্তবক অর্পণের পর দূতাবাসে আগত শিশু-কিশোর ও অভ্যাগত অতিথিদের নিয়ে বঙ্গবন্ধুর জন্মদিনের কেক কাটা হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র মন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করা হয়। বাণী পাঠের পর জাতির পিতার জীবনের উপর প্রামাণ্য চিত্র প্রদর্শন করা হয়। দূতাবাসের প্রথম সচিব সুজন দেবনাথের সঞ্চালনায় বঙ্গবন্ধুর গৌরবময় জীবন এবং জাতীয় শিশু দিবসের ওপর বিশেষ আলোচনা সভায় প্রবাসী বাংলাদেশিগণ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহৎ কর্মজীবন এবং জাতীয় শিশু দিবসের ওপর বক্তব্য রাখেন। রাষ্ট্রদূত জসীম উদ্দিন তাঁর বক্তব্যে জাতির পিতা বঙ্গবন্ধুর ঐতিহাসিক নেতৃত্বের কথা স্মরণ করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার দৃষ্ট পদক্ষেপে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

দিবসটি উপলক্ষে শিশু-কিশোর ও স্থানীয় শিল্পীদের নিয়ে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রবাসী শিশু-কিশোর সাইমুন সরকার ও ফার্দিন ফাইয়াজ বাশার এর সঞ্চালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে দূতাবাসের সদস্যবৃন্দ, দোয়েল সাংস্কৃতিক সংগঠনের শিল্পীবৃন্দ এবং শিশু-কিশোররা সংগীত, কবিতা ও নৃত্য পরিবেশন করেন। এরপর 'বঙ্গবন্ধু টেবিল টেনিস টুর্নামেন্ট' এবং চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন বাংলাদেশের রাষ্ট্রদূত এবং তাঁর সহধর্মিণী মিসেস শায়লা পারভীন। গ্রীসে প্রথম বারের মতো আয়োজিত বঙ্গবন্ধু টেবিল টেনিস টুর্নামেন্ট-২০১৭ এ রাফিউল ফিরদৌস রাফি চ্যাম্পিয়ন, ফার্দিন ফাইয়াজ বাশার প্রথম রানার আপ এবং রিফাত হোসেন দ্বিতীয় রানার আপ হবার গৌরব অর্জন করে। গ্রীসে বসবাসরত বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশিদের জন্য বঙ্গবন্ধুর জন্মদিবস সৃষ্টি করে এক মিলনমেলা। তাঁদের প্রাণবন্ত ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে দূতাবাসে একটি আনন্দময় পরিবেশ সৃষ্টি হয়।

